দৈনিক ইত্তেফাক

তারিখ ... 04 JUN 1998

পৃষ্ঠা 2 কলাম ৫

# ঢাকা বিশ্ববিদ্যালয়ঃ বছর শেষ এখনো পঞ্চবার্ষিক পরিকল্পনার কাজ শুরু হয় নাই

আনোয়ার আলদীন ॥ ঢাকা বিশ্ববিদ্যালয়ের শত কোটি টাকার পঞ্চবার্ষিক পরিকল্পনার কাজ এক বছর পরও শুরু হয় নাই। আগামী ৬ মাসের মধ্যে কোন প্রকল্পের কাজ শুরু হইবে কিনা উহা অনিশ্চিত। এই পঞ্চবার্ষিক পরিকল্পনার মধ্যে রহিয়াছে ঃ শিক্ষকদের জন্য ১৪ তলার একটি সর্বাধুনিক আবাসিক কমপ্লেক্স, ছাত্র ও ছাত্রীদের জন্য দুইটি আবাসিক হল নির্মাণ, দুইটি সেন্টার ফর এক্সেলেন্স, বিভিন্ন একাডেমিক ও আবাসিক ভবনের সম্প্রসারণ ও সংস্কার, শিক্ষকদের প্রশিক্ষণ, ছাত্রদের কর্মসংস্থানমূলক ব্যবস্থা ইত্যাদি।

ইহার মধ্যে চলতি বছরের শুরুতে শিক্ষামন্ত্রী এএসএইচকে সাদেক

(২য় পৃষ্ঠায় ৩-এর কঃ দ্রঃ)

(প্রথম পৃঃ পর)

আনুষ্ঠানিকভাবে বিশ্ববিদ্যালয়ের প্রো-ভিসি বাংলোর সম্মুখে শিক্ষকদের জন্য ১৪ তলাবিশিষ্ট আবাসিক কমপ্লেক্সের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। তবে নির্মাণ কাজ শুরু হয় নাই। কে বা কাহারা ঐ ভিত্তিপ্রস্তরের ফলক খুলিয়া নিয়া গিয়াছে। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সম্প্রতি এক সভায় প্রস্তাবিত ১৪ তলার এই ভবন ৯ তলা করার সিদ্ধান্ত লইয়াছে বলিয়া জানা গিয়াছে। ইহাতে ব্যয় ধরা হইয়াছে ১২ কোটি টাকা। অন্যান্য পরিকল্পনা এখনও খাতা-কলমের পর্যায়েই রহিয়াছে। গত বছরের জুন মাসে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এই পঞ্চবার্ষিক পরিকল্পনা প্রণয়ন করেন।

গত এপ্রিল মাসে একনেকের বৈঠকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১০০ কোটি টাকার পরিকল্পনা অনুমোদিত হয়। কিন্তু এই পর্যন্ত বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কোন অর্থই হাতে পায় নাই।

বিশ্ববিদ্যালয়ের পরিকল্পনা ও উন্নয়ন পরিচালক জানান, অর্থ পাওয়া গেলে কাজ শুরু করা হইবে।

### বেতন, সীট ভাড়া দ্বিগুণ করা হইবে

ঢাকা বিশ্ববিদ্যালয়ের আসন্ন বাজেটে ছাত্রবেতন ও আবাসিক ছাত্রদের সীট ভাড়াসহ সকল ফি দ্বিগুণ করা হইতেছে। আগামী ১৫ই জুন এই বাজেট সিনেটে অধিবেশনে পেশ করা হইবে। উল্লেখ্য, গত বছরও বেতন বৃদ্ধি করা হয়।